

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
কলেজ-৬ শাখা
www.Shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭০.০৬.০০৪.২০১৭-৩৮৩

তারিখ : ০৩ আশ্বিন ১৪২৪
১৮ সেপ্টেম্বর ২০১৭

বিষয়: সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলাধীন 'সলংগা ডিগ্রি কলেজ' এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ফিন্যান্স ব্যাংকিং ও বীমা বিষয় খোলার অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর সুপারিশের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলাধীন 'সলংগা ডিগ্রি কলেজ' এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ফিন্যান্স ব্যাংকিং ও বীমা বিষয় খোলার অনুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে ;
- আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না ;
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে ;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।


(নাজিমা খানম) ১৮.০৯.২০১৭
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, পলাশী, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। অধ্যক্ষ, সলংগা ডিগ্রি কলেজ' রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ৭। গার্ড ফাইল।